ভারত জাকাত মাঝি পারগানা মহলের ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ একাধিক দাবি তুলে ভারত জাকাত মাঝি পারগানা মহলের পক্ষ থেকে সোমবার তালডাংরায় বিডিওর কাছে একটি ডেপুটেশন জমা দেওয়া হয়েছে।

তাঁদের দাবিগুলি হল, ২০১৭ শিক্ষাবর্ষ থেকেই সাঁওতাল অধ্যুষিত এলাকায় আই সি ডি এস, এস এস কে, প্রাইমারি, এম এস কে সেন্টারগুলিতে সাঁওতালি ভাষা ও অলচিকি জানা শিক্ষক শিক্ষিকা নিয়োগ করতে হবে।

প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয়স্তর পর্যন্ত সাঁওতালি মাধ্যমে পঠন পাঠনের পরিকাঠামো গড়ে তুলতে হবে। সাঁওতালি মাধ্যমে পৃথক বোর্ড ও সিলেবাস কমিটি গঠন করতে হবে। সাঁওতালি মাধ্যমে স্পেশাল ইউনিভার্সিটি স্থাপন করতে হবে। উচ্চশিক্ষায় আদিবাসী ছাত্র ছাত্রীদের প্রাপ্য কোটা থেকে বঞ্চিত করা চলবে না। গত ২০১৫ সালের ৮ আগস্ট এস এস সি, টেট(আপার প্রাইমারি) পরীক্ষায় সাঁওতালি বিভাগের প্রশ্নপত্র অলচিকি লিপির মাধ্যমে থাকা সত্ত্বেও বাংলা লিপিতে অনুকরণ বা নকল করা হয়। এতে অলচিকি লিপির মান্যতা ক্ষুন্ন হয়েছে। এই বিমাতৃসুলভ আচরণ বন্ধ করতে হবে। আদিবাসী ছাত্রছাত্রীদের কাছ থেকে কোনো ফি নেওয়া চলবে না। বন্ধ হোস্টেলগুলি অবিলম্বে চালু করতে হবে।

এই প্রসঙ্গে তালডাংরার বিডিও উজ্জ্বল বিশ্বাস বলেন, আদিবাসীদের সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন দাবিদাওয়া নিয়ে ডেপুটেশন দেওয়া হয়েছে। আমরা তা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেব। এই প্রসঙ্গে সংগঠনের ব্লক সম্পাদক বিরেশ মান্ডি বলেন, আমরা একগুচ্ছ দাবি নিয়ে বিডিওর কাছে একটি স্মারক লিপি জমা দিয়েছি। আমাদের দাবিগুলি মানার অনুরোধ জানাচ্ছি।

৪০ কেজি ওজনের চন্দ্রবোড়া সাপ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ রবিবার বাঁকুড়ার জঙ্গলমহল এলাকার রানীবাঁধের বিরখাম এলাকা থেকে একটি বিশালাকৃতির চন্দ্রবোড়া সাপ উদ্ধার হয়েছে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। সাপটির ওজন আনুমানিক ৪০ কেজি। ঘটনার খবর পেয়ে বনকর্মীরা সাপটিকে উদ্ধার করে গভীর জঙ্গলে ছেড়ে দিয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ওই সাপটিকে প্রথম দেখতে পান গ্রামবাসীরা। ঘটনার খবর এলাকায় চাউর হতেই প্রচুর মানুষ সাপটিকে দেখার জন্য বিরখাম এলাকায় ভিড় জমান।

ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ গিয়ে সাপটিকে উদ্ধার করে। পরে পুলিশ বনদফতরের কর্মীদের হাতে সাপটিকে তুলে দেয়।

কুসংস্কারমুক্ত করতেবারিকুল থানার প্রয়াস

কুসংস্কারহীন সমাজ গড়ার লক্ষ্যে
বারিকুল থানার প্রয়াস

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ কুসংস্কারমুক্ত সমাজ গড়ে তোলার ডাক দিয়ে বাঁকুড়া জেলার জঙ্গলমহল এলাকার বারিকুলে একটি আলোচনাসভা অনুষ্ঠিত হয়। বাঁকুড়া জেলা পুলিশ ও বারিকুল থানার যৌথ উদ্যোগে এই আলোচনাসভাটি অনুষ্ঠিত হয়েছে। এই প্রসঙ্গে থানার আধিকারিক দেবাশীষ পান্ডা বলেন, আদিবাসীদের মধ্যে ডাইনি ও ওঝা সম্বন্ধে কুসংস্কার রয়েছে। এই কুসংস্কার আদিবাসীদের মন থেকে দূর করতে স্থানীয় বসিন্দাদের নিয়ে বিজ্ঞানমঞ্চের সহযোগিতায় একটি সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়েছিল। এই শিবিরে বাঁকুড়ার পুলিশ সুপার সুখেন্দু হিরা ও মহকুমা পুলিশ আধিকারিক বিশপ সরকার উপস্থিত ছিলেন। তাঁরা বলেন, মানুষের এগিয়ে চলার পথে কুসংস্কার হল একটি বড় বাধা। কুসংস্কার সমাজের ক্ষতি করে। আমাদের সকলকে ঐক্যবদ্ধ হয়ে কুসংস্কারমুক্ত সমাজ গড়ে তুলতে হবে। এই সভায় ডাইনি প্রথা ও ওঝা ব্যবস্থার কুফল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিজ্ঞান মঞ্চের সহযোগিতায় স্লাইড শো-এর মাধ্যমে গ্রামবাসীদের বিষয়গুলি বোঝানো হয়।

মাওবাদী পরিচয় দিয়ে হুমকি, গ্রেফতার যুবক

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ মোবাইল ফোনে ম্যাসেজ পাঠিয়ে মাওবাদী পরিচয় দিয়ে তৃণমূল কংগ্রেসের এক গ্রামপঞ্চায়েত প্রধানের কাছে টাকা চাওয়ার অভিযোগে একজনকে গ্রেফতার করল পুরুলিয়ার আড়শা থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃত ওই যুবকের নাম শিবু সরেন ওরফে মাঝি। আড়শা থানার পিসকা পাহাড়ডি গ্রামে তার বাড়ি। গত ২৬ জানুয়ারি তাঁর মোবাইল ফোন থেকে আড়শা ব্লকের চাটুহাঁসা গ্রাম পঞ্চায়েত প্রধানের কাছে হুমকির ম্যাসেজ আসে। সেই ম্যাসেজে প্রধানের কাছে নিজেকে মাওবাদীর পরিচয় দিয়ে ১লক্ষ ২০হাজার টাকা চায় ওই যুবক। কিন্তু সেই ম্যাসেজটিকে ততটা গুরুত্ব দেননি প্রধান। পরের দিন ফের ওই যুবকের ফোন থেকে একই ম্যাসেজ আসে তাঁর কাছে। পাশাপাশি কিছুদিনের মধ্যে ওই টাকা না দেওয়া হলে প্রাণনাশের হুমকিও দেওয়া হয়। তারপরেই ভয় পেয়ে তিনি বিষয়টি আড়শা থানায় জানান। ফোন নম্বর থেকে পুলিশ জানতে পারে, যে নম্বর থেকে পঞ্চায়েত প্রধানকে ম্যাসেজ পাঠানো হয়েছে সেটি অন্ধ্রপ্রদেশের সিমকার্ড। টাওয়ার লোকেশন থেকে জানা যায়, ভিন্ন রাজ্যের সিমটি হলেও বর্তমানে সেটি আড়শা এলাকাতেও চালু রয়েছে। সেই অনুসারে তদন্ত চালিয়ে গ্রেফতার করা হয় শিবু সরেন নামে ওই যুবককে। রবিবারই তাকে পুরুলিয়া জেলা আদালতে তোলা হয়। বিচারক তার দুদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। ধৃতকে জেরা করে পুলিশ জানতে পেরেছে, কিছুদিন আগে শিবু অন্ধ্রপ্রদেশে রাজমিস্ত্রীর কাজ করত। তার সঙ্গে মাওবাদীদের কোনো সম্পর্ক নেই। শুধুমাত্র ওই অঞ্চলপ্রধানকে ভয় দেখানোর জন্যই এই কাজ করেছিল সে।

রত্নেশ্বর শিব মন্দিরের পুনঃপ্রতিষ্ঠা

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ সোমবার বাঁকুড়া সদর মহকুমার সানতোড় রত্নেশ্বর শিব মন্দিরটি সংস্কারের পর পুনঃপ্রতিষ্ঠা করা হয়েছে। তিনশো বছরের পুরাতন এই মন্দিরটি প্রায় ভঙ্গুর হয়ে পড়েছিল। সেই মন্দিরটিকে সংস্কার করার কাজ আগেই শেষ হয়েছিল। সোমবার পুনরায় এই মন্দিরটি প্রতিষ্ঠা করা হল। এই প্রসঙ্গে মন্দিরের পরিচালন কমিটির সদস্য রাজারাম বিশ্বাস বলেন, তপোবন, সানতোড়, নতুনগ্রাম, বালিয়াড়া, হরিহরপুরসহ প্রায় ১০ থেকে ১২টি গ্রামের বাসিন্দা এই মন্দিরে পুজো দেন। ওইদিন মন্দিরটি সংস্কারের পর স্থানীয় যুবকেরা মঙ্গলঘট নিয়ে এসে প্রতিষ্ঠার কাজের সূচনা করেন। মঙ্গলঘট আনার পর পুজো অর্চনা, যজ্ঞ, পালাকীর্তন ও প্রসাদ বিতরণ করা হয়। এই প্রসঙ্গে স্থানীয় বাসিন্দা অরূপ পাত্র বলেন, এই মন্দিরের শিব অত্যন্ত জাগ্রত। বংশ পরম্পরা অনুসারে আমাদের পরিবার এই শিবের পুজো করে আসছেন। সংস্কার হওয়ায় আমরা খুশি।

মৃতের পরিবারকে ক্ষতিপূরণের দাবি

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ পথ দুর্ঘটনায় এক গ্রামবাসীর মৃত্যুর ঘটনাকে ঘিরে সোমবার ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ল পুরুলিয়ার মফস্বল থানার ঘোঙ্গা এলাকায়। দুদিন আগের ঘটনায় ক্ষিপ্ত গ্রামবাসীকে শান্ত করতে ঘটনাস্থলে ছুটে যেতে হয় বিশাল পুলিশ বাহিনীকে। পরে পুলিশি আশ্বাসে অবরোধ প্রত্যাহার করে নেন গ্রামবাসীরা। তবে আশ্বাস যদি পুরণ না করা হয় তাহলে পরবর্তী সময়ে ফের পথ অবরোধ করার হুঁশিয়ারী দিয়েছেন গ্রামবাসীরা। স্থানীয় সূত্রে জানা গেছে, শনিবার রাতে পুরুলিয়া শহর থেকে কাজ সেরে বাইকে চরে বাড়ি ফেরার পথে একটি ডাম্পারের ধাক্কায় মারা যান ঘোঙ্গা গ্রামের বাসিন্দা অমর পান্ডে (৫২)। ঘটনার পরেই স্থানীয়রা ঘাতক ডাম্পার গাড়িটিকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়। কিন্তু তার পরেও রবিবার দিনভর মৃতের পরিবারকে আর্থিক ক্ষতিপুরণ দেওয়ার বিষয়ে ডাম্পার মালিকের পক্ষ থেকে কোনো আশ্বাস না পাওয়ায় ক্ষিপ্ত হয়ে ওঠেন স্থানীয়রা। এরপরেই সোমবার সকালে ক্ষতিপূরণের দাবিতে এবং ওই রাস্তায় যানবাহন চলাচলের ক্ষেত্রে গতি নিয়ন্ত্রণের দাবিতে সকাল ৮টা থেকে পুরুলিয়া-চন্দনকেয়ারি রাস্তা অবরোধে নামেন গ্রামবাসীরা। তাঁরা রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকেন। ক্ষতিপূরণের আশ্বাস না পাওয়া পর্যন্ত তাঁরা তাঁদের অবস্থানে অনড় থাকবেন বলে জানান। এরফলে পুরুলিয়া-ঝাড়খন্ডের মধ্যে সংযোগকারী অন্যতম ওই রাস্তায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। চরম হয়রানির মধ্যে পড়েন নিত্যযাত্রী এবং সাধারণ মানুষ। এই ঘটনার খবর পেয়ে পুরুলিয়ার মফস্বল থানার ওসি বিশ্বজিৎ মন্ডলের নেতৃত্বে ঘটনাস্থলে ছুটে যায় বিশাল পুলিশ বাহিনী। পুলিশকে ঘিরে তাঁরা বিক্ষোভ দেখাতে থাকেন। পরে তাঁদের সঙ্গে দাবিগুলি নিয়ে আলোচনায় বসে পুলিশ। সেই আলোচনা থেকে মৃতের আত্মীয়দের ক্ষতিপুরণের ব্যাপারে পুলিশ প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আশ্বাস দিলে অবরোধ তুলে নেওয়া হয়। এর পরই যানবাহন চলাচল শুরু করে।

কুয়োয় পড়ে জখম মহিলা এখনও অচৈতন্য

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ গত শনিবার বাঁকুড়ার বিষ্ণুপুরের পিয়ারডোবায় কুয়োয় পড়ে এক মহিলা জখম হয়েছিলেন। অজ্ঞাত পরিচয়ের ওই মহিলার দুদিন পরেও জ্ঞান না ফেরায় স্থানীয়রা বিষ্ণুপুর হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ তুলেছেন এবং তাঁর যাতে ভালোভাবে চিকিৎসা করানো হয় সেজন্য স্থানীয়রা বিধায়ককে হস্তক্ষেপ করার আর্জি জানিয়েছেন। হাসপাতাল কর্তৃপক্ষ অবশ্য উদাসীনতার অভিযোগ অস্বীকার করেছে। এই প্রসঙ্গে স্থানীয় বাসিন্দা তথা পিয়ারডোবা হাইস্কুলের শিক্ষক অসীম সামন্ত বলেন, অজ্ঞাত পরিচয় হওয়ায় হাসপাতাল কর্তৃপক্ষ ওই মহিলার ঠিকমতো চিকিৎসা করছে না। তাই এই বিষয়ে বিধায়ককে হস্তক্ষেপ করার আর্জি জানানো হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, পিয়ারডোবা গ্রামের রাস্তার ধারে শনিবার একটি কুয়ো থেকে অজ্ঞাত পরিচয়ের এক মহিলাকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করা হয়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ ও দমকল বাহিনীর কর্মীরা গিয়ে ওই মহিলাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। কিন্তু ভর্তির দুদিন কেটে গেলেও ওই মহিলার জ্ঞান ফেরেনি। তাই স্থানীয়রা হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ তুলেছেন।

পাত্রসায়রে বোমা কাণ্ডে ধৃতদের জেল

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ বাঁকুড়ার পাত্রসায়রের বিউর-বেতুরে বোমা সমেত ধৃত দুই দুষ্কৃতীকে সোমবার বিষ্ণুপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাদের ১২দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। আদালত সূত্রে জানা গেছে, তাদের নাম শেখ কোহিনুর ও শ্রীকান্ত মাঝি। প্রথমজনের বাড়ি স্থানীয় বাসদহ এবং দ্বিতীয়জনের বৈকুণ্ঠপুর গ্রামে। তবে আসামী পক্ষের উকিল তন্ময় ঘটকের দাবি, তাঁর মক্কেলদের ফাঁসানো হয়েছে। তিনি বলেন, শ্রীকান্ত মাঝি মুদিখানায় গিয়েছিল। ফিরে আসার সময় প্রাকৃতিক কার্য সম্পন্ন করার জন্য রাস্তার ধারে কালভার্টের কাছে যায়। তখনই তাকে গ্রেফতার করা হয়েছে। যারা আসল অপরাধী তারা পালিয়ে গিয়েছে। পুলিশ তাদের ধরতে পারেনি। পুলিশ সূত্রে জানা গেছে, রাজনৈতিক গোষ্ঠী কোন্দলের জেরে পাত্রসায়রের বেশ কিছু এলাকায় উত্তেজনা রয়েছে। কয়েকদিন আগেই দুপক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছিল। তারপর থেকে দুপক্ষ আরও লড়াইয়ের উদ্দেশ্যে প্রস্তুত হচ্ছে বলে পুলিশের কাছে খবর আসে। সেই মতো পুলিশ বিভিন্ন এলাকায় তল্লাশি চালায় এবং গোপনসূত্রে খোঁজখবর শুরু করে। সেই মতো সূত্র মারফত খবর পেয়ে এদিন সকালে পুলিশ বিউর থেকে বেতুর যাওয়ার রাস্তায় একটি কালভার্টের কাছে ওত পেতে বসে থাকে। দুষ্কৃতীরা আসতেই তাদের বাইক আটক করা হয়। প্রথমে তারা হম্বিতম্বি করলেও বাইকের ডিকি থেকে চারটি তাজা বোমা পাওয়া গেলে তারা পালানোর চেষ্টা করে। কিন্তু পুলিশ তাদের পিছু ধাওয়া করে ধরে ফেলে। ধৃতরা রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত। এলাকায় সন্ত্রাস তৈরির উদ্দেশ্যে তারা বোমা বহন করে নিয়ে যাচ্ছিল। এদিন ধৃতদের আদালতে তোলা হলে বিচারক ১২দিন জেল হেফাজতে রাখার নির্দেশ দেন।

বাঁকুড়ার হিল হাউসে সর্বধর্ম প্রার্থনা সভা

বাঁকুড়া জেলা প্রশাসনের উদ্যোগে
শহীদ দিবস
পালন অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ সোমবার সকালে বাঁকুড়া জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় ও জেলা তথ্য সংস্কৃতি দফতরের উদ্যোগে জেলাশাসকের বাংলো হিল হাউসে সর্ব ধর্ম প্রার্থণাসভা অনুষ্ঠিত হয়েছে। জাতির জনক মহাত্মা গান্ধির তিরোধান দিবস উপলক্ষ্যে আয়োজিত এই সভাটি গান্ধিজীর প্রতিকৃতিতে মাল্যদানের মাধ্যমে শুরু হয়। জেলাশাসক মৌমিতা গোদারা মাল্যদান করেন। এই কর্মসূচীতে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা শাসক পার্থ ঘোষ সহ বিভিন্ন আধিকারিকরা। এইদিন গান্ধি বিচার পরিষদের পক্ষ থেকে রামধুন সঙ্গীত পরিবেশন করা হয় ও চরকাতে সুতো কাটা হয়। এই উপলক্ষ্যে এইদিন রামকৃষ্ণ মিশনের স্বামীজী গীতা, জুম্মা মসজিদের ইমাম কোরাণ ও বাঁকুড়া চার্চের বিশপ বাইবেল পাঠ করেন।

সিমলাপালে ২৬ হাত সরস্বতী

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ অভিনব সরস্বতী প্রতিমা এবার দেখা যাবে বাঁকুড়ার সিমলাপালে। প্রায় ১৫ ফুট লম্বা এবং ২৬ হাত যুক্ত সরস্বতী প্রতিমা তৈরি করা হয়েছে সিমলাপাল স্কুল মোড়ে বিডিও অফিসের কাছে। দেবীর হাতে থাকবে বাংলা বর্ণমালার ৫২টি এবং ইংরাজী বর্ণমালার ২৬টি অক্ষর। এই প্রসঙ্গে স্থানীয় কিশোর ক্লাবের সম্পাদক কৌশিক ছেত্রী বলেন, আমরা ১৯৮২ সাল থেকে সরস্বতী পুজো করে আসছি। এবছর আমরা এই রূপেই সরস্বতীদেবীর আরাধনা করব। পড়াশোনা শুরু হয় অক্ষর পরিচয়ের মাধ্যমে। দেবী সন্তুষ্ট না হলে বিদ্যালাভ সম্ভব নয়। দেবী শিক্ষার আলো দান করেন। সেকারণেই আমরা এই থিম বেছে নিয়েছি। এই প্রসঙ্গে স্থানীয় অবসরপ্রাপ্ত শিক্ষক প্রভাস পাত্র বলেন, সরস্বতী পুজোতেও সাবেকিয়ানার পাশাপাশি থিমপুজোকে গুরুত্ব দেওয়া হচ্ছে। যেহেতু সরস্বতী বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী তাই এই থিম অত্যন্ত মানানসই। সিমলাপালের ২৬ হাত বিশিষ্ট এই প্রতিমা ভূত শহর, মাচাতোড়া, বিক্রমপুর, লক্ষ্মীসাগর সহ আশেপাশের গ্রামগুলির বাসিন্দাদের মনে কৌতূহলের সৃষ্টি করেছে। আশা করি এই প্রতিমা সকলের নজর কাড়বে। দূর দুরান্ত থেকে বহু মানুষ ঠাকুর দেখতে সিমলাপালে আসবেন।

মহিলাকে ধর্ষণ প্রৌঢ়ের

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ গ্রামেরই এক মহিলাকে ধর্ষণ করার অভিযোগে ৬০বছরের এক ব্যক্তিকে গ্রেফতার করল পুরুলিয়ার রঘুনাথপুর থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃতের নাম নিখিল মাঝি। ওই থানারই নতুনডি গ্রামে তার বাড়ি। স্থানীয় সূত্রে জানা গেছে, রবিবার সন্ধ্যায় গ্রামের পাশের জঙ্গল থেকেই কাঠ কুড়িয়ে বাড়ি ফিরছিলেন ওই গ্রামেরই মাঝবয়সী এক গৃহবধূ। সেই সময়ই তাঁকে ওই ব্যক্তি জোরপূর্বক ধর্ষণ করে। বাড়ি ফিরে ঘটনাটি আত্মীয়দের জানান তিনি। এরপরই ওই গৃহবধূর পরিবারের পক্ষ থেকে রঘুনাথপুর থানায় ধর্ষণের অভিযোগ করা হয়। এই ঘটনায় অভিযোগের ভিত্তিতে পুলিশ নিখিলকে গ্রেফতার করে। সোমবার তাকে রঘুনাথপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তার ৪দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

সুনিশ্চিত সঠিক রিপোর্ট
আস্থা ডায়গনষ্টিক সেন্টার
বর্তমানে একই ছাদের তলায় আমাদের পরিষেবা
- থাইরয়েডের ইলেকট্রোকেমি
- কম্পিউটারাইজড প্যাথলজি
- ফুল অটো এ্যানালাইজার
- ডিজিট্যাল এক্স-রে
- আল্ট্রাসোনোগ্রাফি
- ইকোকার্ডিওগ্রাফি
- কালার ডপলার
- কোলোনসকপি
- এফ. এন. এস. সি.
- অডিওমেট্রিক
- এন্ডোসকপি
- ই.সি.জি.
- ই.ই.জি
- এক্স-রে

T3, T4, TSH, FT3, FT4, TSH, LH, FSH, PROLACTIN, PSA, IGE, VITAMIN D, VITAMIN D3, CA 125

প্যাথলজিস্ট
Asst. Prof. ডাঃ কিংসুক বোস
ডাঃ পূর্ণচন্দ্র দাস
ডাঃ ছায়া সেন
ডাঃ তুলিকালিপি ঘোষ
রেডিওলজিস্ট
Asst. Prof. প্রোঃ ডাঃ অনিন্দ্য ব্যানার্জী এম ডি (রেডিওলজিস্ট)
Asst. Prof. ডাঃ অমিত কুমার দাস এম ডি (রেডিওলজিস্ট)
ডাঃ এস. পি. দে
কার্ডিওলজিস্ট
Asst. Prof. ডাঃ সৈকত সাউ
গ্যাস্ট্রোএন্টেরোলজিস্ট
Asst. Prof. ডাঃ টি. সামন্ত
ইউরোলজিস্ট
Asst. Prof. ডাঃ মানস কুমার মন্ডল
অডিওমেট্রিক
ডাঃ আরাফাত মল্লিক

পুরুলিয়ায় গড়ির ধাক্কায় প্রৌঢ়ের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ সোমবার সকালে গাড়ির ধাক্কায় এক প্রৌঢ়ার মৃত্যু হয়েছে। পুলিশ জানিয়েছে, মৃতার নাম বেলা বাউড়ি (৫৭)। বাড়ি পুরুলিয়ার পুঞ্চা থানা এলাকার লৌলাড়া গ্রামে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, এইদিন ভোরে ঘুম থেকে উঠে স্থানীয় টিউবওয়েল থেকে জল আনতে গিয়েছিলেন তিনি। এরপর তিনি যখন জল নিয়ে বাড়ি ফিরছিলেন তখন একটি গাড়ি তাঁকে ধাক্কা মারে। গুরুতর জখম হন তিনি। এরপর স্থানীয়রা তাঁকে উদ্ধার করে চিকিৎসার জন্য পুঞ্চা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

প্রতিবন্ধীদের ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ ভাতা বৃদ্ধি, ব্যাঙ্ক ঋণ, পরিচয় প্রদানে সরলীকরণসহ একাধিক দাবিতে প্রতিবন্ধীদের সংগঠনের পক্ষ থেকে সোমবার পাত্রসায়রের বিডিওকে ডেপুটেশন দেওয়া হয়েছে। বাঁকুড়া জেলার শারীরিক প্রতিবন্ধী কল্যাণ সমিতির পাত্রসায়র ব্লক সভাপতি উত্তম রায় বলেন, প্রতিবন্ধীদের ভাতা বৃদ্ধি, সহজ শর্তে ব্যাঙ্ক ঋণ সহ মোট ১০দফা দবিতে এইদিন বিডিওকে ডেপুটেশন দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে পাত্রসায়রের বিডিও অজয়কুমার সাহা বলেন, ডেপুটেশন পেয়েছি। তার কপি উর্দ্ধতন কর্তৃপক্ষকে পাঠানো হয়েছে।